# সহীহ হাদীসের আলোকে সাওম বিশ্বকোষ

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায়: সহীহ হাদীসের আলোকে সাওম

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বাণী: যখন অযু করবে তখন নাকের ছিদ্র দিয়ে পানি টেনে নিবে

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ বিষয়ে সাওম পালনকারী ও সাওম পালনকারী নয় এতদোভয়ের মধ্যে কোনো পার্থক্য করেননি। হাসান রহ. বলেন, সাওম পালনকারীর জন্য নাকে ঔষধ ব্যবহার করায় দোষ নেই যদি তা কণ্ঠনালীতে না পৌঁছে এবং সে সুরমা ব্যবহার করতে পারবে। ‘আতা রহ. বলেন, কুলি করে মুখের পানি ফেলে দেওয়ার পর থুতু এবং মুখের অবশিষ্ট পানি গিলে ফেলায় কোনো ক্ষতি নেই এবং সাওম পালনকারী গোন্দ (আঠা) চিবাবে না। গোন্দ চিবিয়ে যদি কেউ থুতু গিলে ফেলে, তাহলে তার সাওম নষ্ট হয়ে যাবে, আমি এ কথা বলছি না, তবে এরূপ করা থেকে নিষেধ করা উচিত।

লাকীত ইবন সাবিরা রহ. থেকে বর্ণিত, তিনি তাঁর পিতা বর্ণনা করেন,

«قُلْتُ يَا رَسُولَ اللهِ، أَخْبِرْنِي عَنِ الْوُضُوءِ؟ قَالَ: أَسْبِغِ الْوُضُوءَ، وَخَلِّلْ بَيْنَ الْأَصَابِعِ، وَبَالِغْ فِي الِاسْتِنْشَاقِ، إِلاَّ أَنْ تَكُونَ صَائِمًا».

“আমি বললাম, ইয়া রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে অযু সম্পর্কে জ্ঞাত করুন। তিনি বললেন, অযু পরিপূর্ণভাবে করবে। আঙ্গুলসমূহের মাঝে খিলাল করবে। খুব উত্তমরূপে নাকে পানি ব্যবহার করবে, তবে সাওমরত থাকলে ভিন্ন কথা।”[1]

>

## ফুটনোট

[1] তিরমিযি, হাদীস নং ৭৮৮, ইমাম তিরমিযি রহ. বলেছেন, হাদীসটি হাসান সহীহ। নাসায়ী, হাদীস নং ৮৭, আলবানী রহ. বলেছেন, হাদীসটি সহীহ। সহীহ ইবন খুযাইমাহ, হাদীস নং ১৫০, ‘আযমী রহ. বলেছেন, হাদীসের সনদটি সহীহ। মুসতাদরাক হাকিম, ৫২২, ইমাম হাকিম রহ. বলেছেন, হাদীসটি সহীহ, তবে ইমাম বুখারী ও মুসলিম তাদের কিতাবে উল্লেখ করেননি, ইমাম যাহাবী রহ. ও হাদীসটিকে সহীহ বলেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10864

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন